এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** জিনিয়ার বাবা তাদের পরিবারের প্রধান। তিনি পরিবারের সকলের জন্য দিক নির্দেশনা দেন। সকলে তার কথামত চলে। কেউ কোনো অন্যায় করলে তিনি তাকে শাস্তি দেন। তিনি সকলের প্রতিনিধি হিসেবে কাজ করেন। তবে তিনি সবার মতামতকে গুরুত্ব দেন।

ক. পৃথিবীতে কয়টি রাষ্ট্র আছে? ১

খ. খুলনা রাষ্ট্র নয় কেন? ২

গ. জিনিয়ার বাবার সাথে রাষ্ট্রের কোন প্রতিষ্ঠানের কার্যক্রমের মিল রয়েছে? বিশ্লেষণ কর। ৩

ঘ. জিনিয়ার বাবার মত উক্ত প্রতিষ্ঠানটি রাষ্ট্রের প্রধান- বিশ্লেষণ কর। ৪

**২.▶** জামিল উচ্চ শিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে গমন করেন। শিক্ষা শেষ করে তিনি সে দেশের এক নাগরিককে বিবাহ করেন। তিনি যুক্তরাষ্ট্রে ব্যবসা শুরু করেন এবং নিয়মিত ও সময়মতো কর প্রদান করেন।

ক. নাগরিকতা অর্জনের পদ্ধতি কয়টি? ১

খ. দ্বৈত নাগরিকতা বলতে কী বোঝ? ২

গ. জামিল কোন সূত্রে যুক্তরাষ্ট্রের নাগরিকতা লাভ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. জামিলের সময়মতো কর প্রদান সুনাগরিকের একটি বিশেষ গুণকে নির্দেশ করে। মূল্যায়ন কর। ৪

**৩.▶** মুহিন ও জাহিন রাষ্ট্র বিজ্ঞানের ছাত্র। তারা সরকার পরিচালনার বিভিন্ন পদ্ধতি নিয়ে আলোচনা করছিল। মুহিন বলল, আমার কাছে ভাল লাগে এমন পদ্ধতির সরকার যেখানে কোনো রাজনৈতিক দল থাকবে না। এক দেশ, এক নেতা ঐ সরকারের মূল কথা। জাহিন বলল, আমার কাছে দায়িত্বশীল ও জবাবদিহি সরকার ভাল লাগে। এতে বিপ্লবের সম্ভাবনা কম থাকে।

ক. রাজতন্ত্র কয় ধরনের? ১

খ. যুক্তরাষ্ট্রীয় সরকার বলতে কী বোঝ? ২

গ. মুহিনের সরকার পদ্ধতির ত্রুটি ব্যাখ্যা কর। ৩

ঘ. জাহিনের সরকার পদ্ধতি কতটুকু গ্রহণযোগ্য? মতামত দাও। ৪

**৪.▶** করিম সাহেব A দলের একজন নিবেদিত কর্মী। তিনি এলাকার মানুষের সুখে দুঃখে এগিয়ে আসেন। বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড করেন। জাতীয় নির্বাচনে A দলের প্রার্থী হন। তিনি নিজ দলের পক্ষে সভা-সমিতি ও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জনমত গঠন করেন। এলাকার জনগণ তাকে সৎ, যোগ্য প্রার্থী হিসেবে নির্বাচিত করেন।

http://teachingbd.com

ক. কত সালে উগান্ডায় রাজনৈতিক দল নিষিদ্ধ ছিল? ১
খ. রাজনৈতিক দল বলতে কী বোঝ? ২
গ. করিম সাহেব কোন পদ্ধতিতে নির্বাচিত হয়েছেন? ৩
ঘ. A দলের কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

**৫.▶** বুরহান বাংলাদেশের নানাবিধ সমস্যা নিয়ে তার দাদুর সাথে আলোচনা করছিল। একপর্যায়ে বুরহান বলল, নাগরিক জীবনের একটি প্রধান সমস্যার কারণে গ্রামে ও শহরে জীবনযাপন কষ্টকর হয়ে পড়ছে। খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা সর্বক্ষেত্রে এ সমস্যা প্রকট।

ক. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির হার কত? ১
খ. জনসংখ্যা বৃদ্ধির কারণ হিসেবে 'সামাজিক দৃষ্টিভঙ্গি" বুঝিয়ে লিখ। ২
গ. বুরহান বাংলাদেশের যে সমস্যার কথা বলছে তার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমস্যা থেকে উত্তরণের উপায় বিশ্লেষণ কর। ৪

**৬.▶** হাশেম ও হাকিম সাহেব তাদের গ্রাম রসুলপুরে ২টি ভিন্ন সংস্থা গঠন করেন।

| হাশেম সাহেবের সংস্থার নাম "শান্তিসংস্থা" এর গঠন, লক্ষ উদ্দেশ্য | হাকিম সাহেবের সংস্থাটির নাম রয়েল "সমবায় সমিতি"। এর গঠন, লক্ষ উদ্দেশ্য |
|---|---|
| ১. হাশেম সাহেব সংস্থার মহাসচিব। প্রাথমিক সদস্য-৩ | ১. হাকিম সাহেব মহাসচিব। তার সংস্থার প্রাথমিক সদস্য-৫০ |
| ২. এলাকার উন্নয়ন সাম্প্রদায়িকতার বিরুদ্ধে অবস্থান। বিভিন্ন সম্প্রদায়ের সাথে সৎভাব বজায় রাখা। | ২. গ্রামের বিভিন্ন জাতি, ধর্ম, বর্ণের লোক সমিতির সদস্য। |
| | ৩. অর্থনৈতিক মুক্তির মাধ্যমে শান্তিশৃঙ্খলার উন্নয়ন, পাঠাগার, খেলাধুলার ক্লাব গড়ে তোলা। |

Teachingbd.com

ক. কমনওয়েলথ কত সালে প্রতিষ্ঠিত হয়? ১
খ. অছি পরিষদ কাকে বলে? ২
গ. হাশেম সাহেবের শান্তি সংস্থার সাথে কোন আন্তর্জাতিক সংস্থার উদ্দেশ্যের মিল আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. হাকিম সাহেবের সংস্থার সাথে জাতিসংঘের উদ্দেশ্যের অনেক প্রতিফলন লক্ষ করা যায়— এর সত্যতা নিরূপণ কর। ৪

**৭.▶** গণি মিয়া ব্যাংক থেকে ঋণ নেওয়ার সময় টিপসই দেন। বিষয়টি স্কুল শিক্ষক সালাম সাহেবের নজরে আসে। তিনি গণি মিয়াকে স্বাক্ষরতা দানের জন্য নিকটস্থ বেসরকারি সেচ্ছাসেবী সংস্থায় ভর্তি করান। সেখানে অনেকেই লিখতে পড়তে দৈনন্দিন হিসাব নিকাশ করতে সক্ষমতা অর্জন করে।

ক. জনসংখ্যার দিক থেকে এশিয়ার দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান কত? ১
খ. জনসংখ্যার পূণর্বণ্টন বলতে কী বোঝ? ২

http://teachingbd.com

গ. গণি মিয়ার টিপসই দেওয়া আমাদের দেশের কোন নাগরিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত সমস্যা নিরসনে কী কী প্রয়োজন বলে মনে কর? যুক্তি দাও। ৪

**৮.▶**




ক. ভাষা আন্দোলনের সূত্রপাত হয় কত সালে? ১

খ. ছয় দফাকে বাঙালির মুক্তির সনদ বলা হয় কেন? ২

গ. ছকে কোন বিষয়টি উপস্থাপন করা হয়েছে? তার স্বরূপ ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টি তুমি কীভাবে মূল্যায়ন করবে? ৪

**৯.▶**

| | |
|---|---|
| ১. প্রতিষ্ঠাকাল | ২৪ অক্টোবর, ১৯৪৫ |
| ২. বর্তমান সদস্য | ১৯৩ |
| ৩. সদর দপ্তর | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| ৪. বর্তমান মহাসচিব | বান কি মুন |

ক. OIC এর পূর্ণ রূপ কী? ১

খ. সার্কের গঠন সম্পর্কে লিখ। ২

গ. উদ্দীপকের সংস্থাটি গঠনের পটভূমি ব্যাখ্যা কর। ৩

ঘ. বিশ্বশান্তি প্রতিষ্ঠায় উল্লিখিত সংস্থাটির প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

**১০.▶** সামি সমাজে বসবাস করে। সমাজের সদস্য ও রাষ্ট্রের নাগরিক হিসেবে তাকে কতগুলো নিয়ম কানুন মেনে চলতে হয়। সমাজের কেউ এগুলো ভঙ্গ করলে তাকে শাস্তি পেতে হয়। এগুলো সমাজ ও রাষ্ট্র কর্তৃক স্বীকৃত। এর মাধ্যমে তাদের স্বাধীনতা ও অধিকার রক্ষা করা হয়। সমাজের সকলের জন্যে এগুলো সমান।

ক. আইনের মূল কথা কী? ১

খ. সাম্য বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে আইনের কোন কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর।৩

ঘ. আইনের বিভিন্ন ধরণ রয়েছে— বিশ্লেষণ কর। ৪

**১১.▶** সিফাত ও রিসাত দুই বন্ধু। সিফাতের পরিবারের যাবতীয় সিদ্ধান্ত তার পিতা গ্রহণ করে থাকেন। অন্যদিকে রিসাতের পরিবার সিদ্ধান্ত গ্রহণের দিক দিয়ে বিপরীত। সিফাত মা-বাবা, দাদা-দাদি, ভাইবোনসহ যৌথ পরিবারে বসবাস করে এবং রিসাত তার বাবার সাথে বসবাস করে।

ক. রাষ্ট্রের উৎপত্তি সম্পর্কে সবচেয়ে পুরোনো মতবাদ কী? ১

খ. সমাজের সাথে মানুষের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. সিফাত ও রিসাতের পরিবারের ভিন্নতার ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি আধুনিককালে যেসব কার্যাবলি সম্পাদন করে তা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. তথ্য অধিকার আইন কত সালে পাশ হয়?**

ⓚ ২০০৭ সালে ⓚ ২০০৮ সালে

ⓖ ২০০৯ সালে ⓖ ২০১০ সালে

**২. জীবন ধারণের অধিকার কী জাতীয় অধিকার?**

ⓚ সামাজিক ⓚ রাজনৈতিক

ⓖ অর্থনৈতিক ⓖ নৈতিক

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব রহমান সাহেবের ঢাকায় একটি পোশাক শিল্প কারখানা আছে। তিনি তাঁর কারখানার আয়ের ওপর প্রতি বছর সরকার নির্ধারিত কর পরিশোধ করেন।

**৩. জনাব রহমান সাহেবের দায়িত্বকে কী বলা যায়?**

ⓚ নৈতিক অধিকার

ⓚ আইনগত অধিকার

ⓖ নৈতিক কর্তব্য

ⓖ আইনগত কর্তব্য

**৪. জনাব রহমান সাহেবের উক্ত দায়িত্বের সাথে নিচের কোনটি অধিক সম্পর্ক যুক্ত?**

ⓚ রাষ্ট্রের অর্থনৈতিক সমৃদ্ধি

ⓚ রাষ্ট্রের স্বাধীনতা রক্ষা

ⓖ নাগরিকের সামাজিক অধিকার রক্ষা

ⓖ নাগরিকের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠা

**৫. গণতান্ত্রিক সফলতার জন্য খুব বেশি প্রয়োজন—**

i. বিচক্ষণ সুনাগরিক

ii. আত্মসংযমী সুনাগরিক

iii. বুদ্ধিমান সুনাগরিক

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii

ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৬. নিরঙ্কুশ রাজতন্ত্র বিদ্যমান?**

ⓚ বাংলাদেশ ⓚ চীন

ⓖ সৌদি আরবে ⓖ জার্মানে

**৭. ব্যক্তি স্বাধীনতার রক্ষাকারী রাষ্ট্র ব্যবস্থা কোনটি?**

ⓚ গণতান্ত্রিক ⓚ পুঁজিবাদী

ⓖ একনায়কতান্ত্রিক ⓖ সমাজতান্ত্রিক

**৮. রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থায় নির্বাহী ক্ষমতার অধিকারী হলেন—**

ⓚ প্রধানমন্ত্রী

ⓚ প্রধান বিচারপতি

ⓖ উপ রাষ্ট্রপতি

ⓖ রাষ্ট্রপতি

**৯. সংসদীয় সরকারের ত্রুটি হলো—**

i. স্থিতিশীলতার অভাব

ii. ক্ষমতার অভিভাজন

iii. সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii

ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১০. গণতন্ত্রের বাহন কোনটি?**

ⓚ জনগণ

ⓚ শিক্ষিত নাগরিক

ⓖ স্বার্থলোভী নাগরিক ⓖ নির্বাচন

**নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**

নিবেদিতা ভারতের নাগরিক। তার দেশের শাসন ব্যবস্থাটি সবচেয়ে জনপ্রিয়। জনগণের কল্যাণে এ শাসন ব্যবস্থার উদ্ভব ঘটে।

**১১. উদ্দীপকের নিবেদিতার দেশে কোন শাসন ব্যবস্থাটি প্রচলিত?**

ⓚ একনায়কতন্ত্র ⓚ রাজতন্ত্র

ⓖ গণতন্ত্র ⓖ সমাজতন্ত্র

**১২. তার দেশের শাসন ব্যবস্থাটি জনপ্রিয়। কারণ এটি—**

i. ব্যক্তি স্বাধীনতার রক্ষাকবচ

ii. গুণের চেয়ে সংখ্যার গুরুত্ব দেয়

iii. সাম্য ও সমঅধিকারের ওপর গুরুত্ব দেয়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ ii ও iii

ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১৩. বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান কোন পদ্ধতিতে হয়েছে?**

ⓚ ক্রমবিবর্তনের

ⓚ বিপ্লবের দ্বারা

ⓖ আলাপ আলোচনার দ্বারা

ⓖ অনুমোদন দ্বারা


Teachingbd.com

http://teachingbd.com

১৪. বাংলাদেশের সংবিধানের পঞ্চদশ সংশোধনী আনা হয় কখন?
ক ২০০৯ জুলাই  খ ২০১০ জুলাই
গ ২০১১ জুলাই  ঘ ২০১২ জুলাই

১৫. বাংলাদেশে কত সালে মানবতাবিরোধী অপরাধ সংগঠিত হয়েছিল?
ক ১৯৭০ সালে
খ ১৯৭১ সালে
গ ১৯৭২ সালে
ঘ ১৯৭৩ সালে

নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :




১৬. '?' চিহ্নিত স্থানে কী হয়?
ক আইন  খ ধর্ম
গ সংবিধান  ঘ প্রথা

১৭. সহজে পরিবর্তনশীল, বিপ্লবের সম্ভাবনা কম এবং ঐতিহ্যের বাহক এ কথাগুলো উল্লিখিত ছকের যে সংবিধানের ক্ষেত্রে প্রযোজ্য—
i. লিখিত সংবিধান
ii. অলিখিত সংবিধান
iii. সুপরিবর্তনীয় সংবিধান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

১৮. কোনটি বাংলাদেশের সর্বোচ্চ আইন?
ক জনমত  খ জাতীয় সংসদ
গ সংবিধান  ঘ সুপ্রিমকোর্ট

১৯. বাংলাদেশের সংবিধানে অনুচ্ছেদ কয়টি?
ক ১৫১টি  খ ১৫২টি
গ ১৫৩টি  ঘ ১৫৪টি

২০. স্থানীয় সরকারের রূপ কয়টি?
ক ১টি  খ ২টি
গ ৩টি  ঘ ৪টি

২১. বর্তমান বাংলাদেশের কয়টি বিভাগ আছে?
ক ৪টি  খ ৫টি
গ ৬টি  ঘ ৭টি

২২. নিরপেক্ষ বিচার বিভাগের গুরুত্ব অপরিসমী—
i. জনগণের ন্যায় বিচার প্রতিষ্ঠায়
ii. অপরাধীর শাস্তি বিধানে
iii. দুর্বলকে সবলের হাত থেকে রক্ষা করতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

২৩. জাতীয় সংসদের কত জন সদস্য জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন?
ক ৩০০ জন  খ ৩১০ জন
গ ৩১৫ জন  ঘ ৩৫০ জন

২৪. সুপ্রিম কোর্টের বিভাগ হলো—
i. আপিল বিভাগ
ii. হাইকোর্ট বিভাগ
iii. আইন বিভাগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ ii ও iii
গ i ও iii  ঘ i, ii ও iii

২৫. ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভ করে। এ দেশের প্রথম সরকার গঠিত হয় কত তারিখে?
ক ১ মার্চ  খ ১৭ মার্চ
গ ১০ এপ্রিল  ঘ ১৭ এপ্রিল

২৬. আইনের খসড়া তৈরি করেন কে?
ক আইন বিভাগ  খ শাসন বিভাগ
গ মন্ত্রিপরিষদ  ঘ বিচার বিভাগ

২৭. সচিবালয় কীভাবে গঠিত হয়?
ক কয়েকটি দপ্তরের সমন্বয়ে
খ কয়েকটি মন্ত্রণালয়ের সমন্বয়ে
গ কয়েকটি অধিদপ্তরের সমন্বয়ে
ঘ একটি মন্ত্রণালয় নিয়ে

২৮. সুপ্রিম কোর্টের প্রধানকে কি বলা হয়?
ক প্রধান বিচারপতি
খ এটর্নি জেনারেল  গ গভর্নর জেনারেল
ঘ প্রধান বিচারক

২৯. সংবিধান অনুযায়ী বাংলাদেশের সর্বোচ্চ আদালত—
ক জর্জকোর্ট  খ সুপ্রীম কোর্ট
গ হাইকোর্ট  ঘ মুন্সেফ কোর্ট

৩০. কয়জন সদস্য নিয়ে গ্রাম্য আদালত গঠিত হয়?
ক ৩ জন  খ ৪ জন
গ ৫ জন  ঘ ৬ জন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

Teachingbd.com